

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০০১.৬৩.০০১.২০১৯- ২৬৪

তারিখঃ ১/০৮/২০২৩ খ্রিঃ।

গাছ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মালিকানাধীন পল্লীতলা উপজেলার নজিপুর বাসস্ট্যান্ড (চারমাথা) হতে সাপাহার রাস্তায় নজিপুর মৌজায় ০১ টি মরা সেগুন গাছ ও ০১ টি মাথাহীন বাটুল গাছ নিম্নবর্ণনা অনুযায়ী যে অবস্থায় আছে, সে অবস্থায় নিলামে বিক্রয় করা হবে। নিলামে অংশগ্রহণে আগ্রহী কাঠ ব্যবসায়ী প্রতিষ্ঠান/ ব্যক্তিগণকে নিম্নবর্ণিত শর্তাবলির আওতায় নিজস্ব প্যাডে বা সাদা কাগজে লিখিত আবেদনের মাধ্যমে কোটেশন/দরপত্র (সিলগালাযুক্ত খামে) দাখিল করতে পারবেন। কোটেশন/দরপত্রসমূহ ১৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ৯-০০টা হতে বেলা ১-০০টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ (এলজি শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর/ পল্লীতলা এবং জেলা পরিষদ কার্যালয়, নওগাঁয় রক্ষিত বাক্সে গৃহীত হবে। একই দিন উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) সংশ্লিষ্ট কার্যালয়ে বেলা ১-৩০ টায় দরপত্র বাক্স এবং নওগাঁ জেলা পরিষদ কার্যালয়ে বিকাল ৩:৩০ টায় সিলগালাযুক্ত খাম/দরপত্র খোলা হবে।

গাছের অবস্থান ও বিবরণঃ

গ্রুপ নং	গোলাই কাঠের অবস্থান	বিবরণ	মন্তব্য
১	পল্লীতলা উপজেলার নজিপুর বাসস্ট্যান্ড (চারমাথা) হতে সাপাহার রাস্তায় নজিপুর মৌজায় অবস্থিত।	০১ টি মরা সেগুন গাছ ও ০১ টি মাথাহীন বাটুল গাছ।	যে অবস্থায় আছে, সে অবস্থায়

শর্তাবলিঃ-


- ১। দরপত্রে উদ্ধৃত দরের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থের ০১টি এবং ১০% (শতকরা দশ ভাগ) অর্থের (জামানতের) ০১টি মোট ০২ (দুই) টি বিডি/ পে-অর্ডার যে কোন তফশিলি ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২। কোটেশন/দরপত্রের সাথে যে সমস্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, খ) পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ০১ কপি ছবি, গ) হালনাগাদ ড্রেড লাইসেন্সের সত্যায়িত কপি এবং ঙ) হালনাগাদ আয়কর পরিশোধ সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
- ৩। দরপত্র দাখিলের পূর্বে দরদাতা নিজ দায়িত্বে সংশ্লিষ্ট গাছ পরিদর্শন করবেন। প্রয়োজনে সার্ভেয়ার, জেলা পরিষদ, নওগাঁর মোবাইল নং-০১৭১০৯৯৩৩৮০এ যোগাযোগ করতে পারবেন। দরপত্র দাখিলের পর এ সম্পর্কে কোন আপত্তি উত্থাপন করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- ৪। গৃহীত দরদাতাকে দর অনুমোদনের ০৩ দিনের মধ্যে উদ্ধৃত দরের অবশিষ্ট অর্থ এবং উদ্ধৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ৫% আয়কর জমা প্রদান করতে হবে। ব্যর্থতায় তার বিডি/ পে-অর্ডার বাজেয়াপ্ত করতঃ পুনঃনিলামের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। গৃহীত দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর ০৭(সাত) দিনের মধ্যে নিলামকৃত গাছ অপসারণ করতে হবে।
- ৬। কার্যাদেশ প্রদানের পূর্বে নিলামকৃত গাছ অপসারণ করা যাবে না। অপসারণের সময় নিলামকৃত গাছ ব্যতিত অন্য কোন সম্পদের ক্ষয়ক্ষতি হলে নিলামগ্রহীতা নিজ খরচে তা পূরণ করবেন।

(চঃপৃঃ-২)

গাছ নিলাম

(পৃঃ-২)

- ৭। গাছের গোলাই/কাঠ পরিবহনের ক্ষেত্রে বনজঙ্গল পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ এর বিধানাবলী প্রযোজ্য হবে।
- ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রের যে কোন/ সকল দর বাতিল/ গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সর্বোচ্চ দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে।



(রাজিবুল কারিম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নওগাঁ।
ফোনঃ ০২৫৮৮৮৮১৪৮৯

তারিখঃ ০৯/০৮/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০০১.৬৩.০০১.২০১৯-২৬৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। পুলিশ সুপার, নওগাঁ।
- ৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ৪। মেয়র, নওগাঁ পৌরসভা/নজিপুর পৌরসভা/ধামইরহাট পৌরসভা, নওগাঁ।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর/ আত্রাই/ রানীনগর/ মান্দা/ নিয়ামতপুর/ মহাদেবপুর/ বদলগাছী/ পল্লীতলা/ ধামইরহাট/ পোরশা/ সাপাহার, নওগাঁ।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সওজ/ এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নওগাঁ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর/ আত্রাই/ রানীনগর/ মান্দা/ নিয়ামতপুর/ মহাদেবপুর/ বদলগাছী/ পল্লীতলা/ ধামইরহাট/ পোরশা/ সাপাহার, নওগাঁ।
- ৮। জেলা তথ্য কর্মকর্তা, নওগাঁ।
- ৯। সহকারী বন সংরক্ষক, নওগাঁ।
- ১০। অফিসার ইনচার্জ, নওগাঁ সদর/ পল্লীতলা থানা, নওগাঁ।
- ১১। সদস্য, সংরক্ষিত ওয়ার্ড নং ১/২/৩/৪ ও সাধারণ ওয়ার্ড নং ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১, জেলা পরিষদ, নওগাঁ।
- ১২। চেয়ারম্যান, ইউ,পি,, নওগাঁ।
- ১৩। সার্ভেয়ার, জেলা পরিষদ, নওগাঁ।
- ১৪। মেসার্স/জনাব


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নওগাঁ
ফোনঃ ০২৫৮৮৮৮১৪৮৯